

তারিখ: ২৪.০১.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারিখ বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: ঢাকার উদ্দেশ্যে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা রয়েল পরিবহনের একটি চলন্ত বাসে বাসের ড্রাইভার ও হেলপার কর্তৃক তরুণী যাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের শিকার তরুণীর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৪.০১.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ঢাকার উদ্দেশ্যে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা রয়েল পরিবহনের একটি চলন্ত বাসে বাসের ড্রাইভার ও হেলপার কর্তৃক তরুণী যাত্রীকে যৌন হয়রানির ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার তরুণীর বাড়ি কেরানীগঞ্জে। গত ২০.০১.২০১৭ তারিখ নির্যাতনের শিকার তরুণী চুয়াডাঙ্গা থেকে ঢাকার উদ্দেশ্যে রয়েল পরিবহনের গাড়ীতে ওঠে। গাড়ীটি নবীনগর এলাকা পার হওয়ার সময় গাড়ির চালক, হেলপার ও সুপারভাইজার উক্ত তরুণীর উদ্দেশ্যে আপত্তিকর মন্তব্য করে এবং শারীরিকভাবে হেনস্থা করার চেষ্টা চালায়। ভোরে গাড়ি গাবতলী টার্মিনালে থামলে উক্ত তরুণী দারুসসালাম থানায় একটি মামলা দায়ের করে।

বাংলাদেশ মহিলা পরিষদ চলন্ত বাসের ড্রাইভার ও হেলপার কর্তৃক তরুণী যাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। বাংলাদেশ মহিলা পরিষদ মনেকরে নারীর স্বাধীন চলাচল ও উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টির উদ্দেশ্যে নারীর স্বাধীনতা বিরোধী বিশেষ চক্র উদ্দেশ্যমূলকভাবে ঘটনাগুলো ঘটাবে। এই ধরনের ঘটনা চলতে থাকলে নারীর স্বাধীন চলাচল ও উন্নয়নের অগ্রযাত্রা বাধাগ্রস্ত হবে। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে উক্ত চক্রকে চিহ্নিকরণসহ প্রতিহত করার লক্ষ্যে আশু প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে। সেই সাথে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার তরুণীর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ